# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

ফোন # ০২৫৮৮৭৭৪৭৩২৭
e-mail : naogaonpbs1 @ gmail.com
Web : www.pbs1. naogaon.gov.bd


স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০২.০০৮.২৫. ৩০০৪

তারিখ- ২৬ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ।
১০ আগষ্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ- দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।**

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "নিরাপত্তা প্রহরী" (কাজ নাই মজুরী নাই) দৈনিক মজুরী ভিত্তিতে কাজের অনুমতিপত্র প্রদানের নিমিত্ত প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম/পদের সংখ্যা | বয়স সীমা | মজুরী | শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিতে) ০১টি। (পুরুষদের জন্য সংরক্ষিত) | ১১/০৮/২০২৫ খ্রিঃ বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর। | পবিস সমূহে নিরাপত্তা প্রহরীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা। | ক) শিক্ষাগত যোগ্যতা নুন্যতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে।<br>খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে।<br>গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা এবং পড়ার নুন্যতম দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারী সহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী (নওগাঁ সদর, নিয়ামতপুর, বদলগাছী, মান্দা, রানীনগর, আত্রাই উপজেলা এবং মহাদেবপুর উপজেলার ভীমপুর ও চেরাগপুর ইউনিয়ন এবং বগুড়া জেলার আদমদিঘী উপজেলার সান্তাহার ইউনিয়নের ছাতনী, ঢেকড়া, প্রান্নাথপুর, দারিয়াপুর, কেল্লাপাড়া, পানলা, ডাংগাপাড়া ও চকজান গ্রামের) স্থায়ীভাবে বসবাসকারী শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণ নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (www.pbs1.naogaon.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৫/০৮/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে টাইপকৃত, ভুল পূরণকৃত এবং **উল্লেখিত** তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র **গ্রহণ**যোগ্য হবে না।

০২। নিরাপত্তা প্রহরী হিসেবে অনুমতি লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহনযোগ্য নয়) সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদের কপি, সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত সীল দ্বারা সকল কাগজপত্র ও ছবি সত্যায়িত হতে হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে দৈনিক মজুরী (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/- (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন।

০৪। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যে সত্যতা প্রমাণিত হলে যে কোন সময় তার প্রার্থীতা বাতিল বা পরবর্তীতে চাকুরীচ্যুত করা হবে।

০৫। শারীরিক সক্ষমতা যাচাই ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

০৬। যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৪০০/- (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

০৭। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে।

০৮। পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

০৯। বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের নাগরিক নয় এ রকম কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি তিনি পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক সততা, নৈতিক স্খলনের কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি দেশের কোন ফৌজদারি আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

১০। অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

১১। অনুমতি প্রদানের সময় নিরাপত্তা প্রহরী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

**১২। এ ধরনের অস্থায়ী নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে আপনার কোন দাবীও গ্রহনযোগ্য হবেনা। যতদিন প্রয়োজন ততদিন ''দৈনিক মজুরী ভিত্তিতে'' কাজ করার অনুমতি প্রদান করা হবে এবং তা বলবৎ থাকবে।**

১৩। অনুমতিপ্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা প্রহরীকে সংশ্লিষ্ট পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১৪। প্রার্থীকে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যে কোন ইনডোর উপকেন্দ্র অথবা সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষে নিরাপত্তা প্রহরী হিসেবে নিয়োজিত থাকতে সম্মত হতে হবে।

১৫। অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

১৬। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে তাৎক্ষণিকভাবে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৭। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

১৮। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৯। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

২০। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌশলী মোহাম্মদ হারুন-অর-রশীদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
নওগাঁ পবিস-১।

<u>অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো}
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ......................পবিস-১/২/৩/৪।
০৬। জেলা প্রশাসক, নওগাঁ।
০৭। পুলিশ সুপার, নওগাঁ।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নওগাঁ সদর, নিয়ামতপুর, মান্দা, বদলগাছী, রানীনগর, আত্রাই উপজেলা।
০৯। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/নিয়ামতপুর/মান্দা/বদলগাছী/আত্রাই/রাণীনগর জোনাল অফিস, নওগাঁ পবিস-১।
১০। এজিএম (প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/আইটি/সতীহাট) নওগাঁ পবিস-১।
১১। এজিএম (প্রশাসন), নওগাঁ পবিস-১।- পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১২। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১।- ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।

Zoheur
10.08.2025
(মোঃ জাহিদুর রহমান জিম)
এজিএম (মানব সম্পদ)।

D:\Sheuly Sultana\আউটসোর্সিং নিরাপত্তাপ্রহরী 2023\02.008 Circular 2023.doc2

ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১, তারিখ:-২৯-০৪-২০১৫ খ্রিঃ

ISO 9001:2015 Certified

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই) পদে"

লোকবল নিয়োগ ও প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চকবিরাম, নওগাঁ।

১. নিয়োগ বিজ্ঞপ্তির নং- ২৭.১২.৬৪০০.৫৩৬.০২.০০৮.২৫. তারিখঃ- ১০/০৮/২০২৫ খ্রিঃ

২. আবেদনকৃত পদের নামঃ .................................................
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণঃ .................................................

.................................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

.................................................

৫. প্রকাশনার তারিখ

.................................................

৬. আবেদনকারীর পুর্ণ নাম (বাংলায়)

.................................................

(ইংরেজীতে বড় হাতের অক্ষরে)

.................................................

৭. জন্ম তারিখ (........ পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী)

........../........../................(দিন/মাস/বছর)

.................................................

৮. বয়স (১১/০৮/২০২৫ খ্রিঃ তারিখে)

.................................................

৯. মাতার নাম

.................................................

১০. পিতার নাম

.................................................

১১. ধর্ম

১২. জাতীয়তা

.................................................

১৩. নিজ জেলা

.................................................

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিত অবস্থা: (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ প্রযোজ্য ক্ষেত্রে।

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা পুত্র কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধী ☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| .................... | .................... | .................... | .................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/অনুমতি পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:

| ............................... | ............................... | ............................... | ............................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/সিজিপিএ | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিবর্তনের কারণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে নওগাঁ পবিস-১ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে অনুমতি প্রদানের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে নওগাঁ পবিস-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো।

............................................ তারিখ

........................................ আবেদনকারীর স্বাক্ষর

**বিঃ দ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**



নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ চকবিরাম, নওগাঁ

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চকবিরাম, নওগাঁ।

ISO 9001:2015 Certified

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে আইকা/আঠা দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত (এমসিকিউ/রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষা

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বরঃ.......................................................

পরীক্ষার তারিখঃ ...........................................................

পরীক্ষার সময়ঃ .............................................................

পরীক্ষার কেন্দ্রের নামঃ....................................................

পরীক্ষার ঠিকানাঃ.............................................................

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নামঃ ..................................................................

প্রার্থীর নামঃ .................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুকঃ

..........................................................................................

..........................................................................................

..........................................................................................